

ইনোভেশন টীম প্রাণিসম্পদ অধিদপ্তরের আগস্ট/২০২০ মাসের সভার কার্যবিবরণী-

অদ্য ৩১.০৮.২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টীমের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন ও ইনোভেশন অফিসার জনাব ডা. শেখ আজিজুর রহমান। সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি এজেন্ডা অনুযায়ী আলোচনার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে প্রদান করা হলো।

২০২০-২০২১ অর্থ বৎসরে ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র এবং স্বপ্ন ছোয়ার সিড়ি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। জনগুরুত্ব বিবেচনায় ইউনিয়ন সেবাকেন্দ্র এবং স্বপ্ন ছোয়ার সিড়ি বাস্তবায়নের স্থান নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ইতোপূর্বে বাস্তবায়িত ৮০টি ইউনিয়ন প্রাণিসম্পদ কেন্দ্রের কার্যক্রম চলমান আছে। ইতিমধ্যে বেশ কয়েকটি উপজেলা পরিদর্শন করা হয়েছে। জনগণ প্রাণিসম্পদের সেবা তাদের দোরগোড়ায় পেয়ে যাচ্ছে।

প্রশিক্ষণ/ সেমিনার/কর্মশালা

বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা হবে। ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

এস এম এস সার্ভিস

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস এম এস সার্ভিস আংশিক চলমান আছে। কারিগরী ত্রুটি সংশোধন করা গেলে সম্পূর্ণরূপে কার্যক্রম চালানো সম্ভব হবে। ত্রুটি সংশোধন কার্যক্রম চলমান আছে।

ই-ভেট সার্ভিস

প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-ভেট সার্ভিস পাইলটিং সমাপ্ত হয়েছে। ই-ভেট কার্যক্রমের মূল্যায়ন সভা প্রক্রিয়াধীন আছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মূল্যায়ন সভা সে কোন সময় আহ্বান করা যেতে পারে।


পরিদর্শন ও নলেজ শেয়ারিং

২০২০-২০২১ সালের নলেজ শেয়ারিং প্রোগ্রাম যথারীতি সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চট্টগ্রামের মেরিন ফিসারিজ একাডেমীকে প্রাথমিকভাবে স্থান হিসাবে নির্ধারণ করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ কর্মা হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস আই পি

২০২০-২০২১ অর্থ বৎসরে প্রাণিসম্পদ অধিদপ্তরের এস আই পি কার্যক্রমের আওতায় নলেজ সেন্টার/লাইব্রেরী/বজাবন্ধু কর্ণার সহ অন্যান্য এস আইপি স্থাপনের পরিকল্পনা রয়েছে। ডিজিটাল প্রবেশদ্বার স্থাপনের পরিকল্পনা রয়েছে।

২০২০-২০২১ অর্থবৎসরের ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডা.শেখ আজিজুর রহমান)
পরিচালক প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন ও
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০১.০২.০০.০০০.২০২০. ৪২৭

তাং-৩১.০৮.২০২০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। উপপরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ২। ডা. মলয় কুমার শুর, সহকারী পরিচালক লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৩। ডা. মোঃ রফিকুল ইসলাম, ফোকাল পয়েন্ট ও ইউএলও, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৪। ড. এবিএম মুস্তানুর রহমান, উপপ্রকল্প পরিচালক, এলডিডিপি প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। জনাব তৌফিকুল আরিফ, যুগ্মসচিব(ব্লু-ইকোনমি) ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৩। আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর(ওয়েবসাইটে প্রেরণের জন্য)।
- ৪। দপ্তর কপি।